

নৌবাহিনীর বার্ষিক ফুটবল, টেনিস ও স্কোয়াশ প্রতিযোগিতা সমাপ্ত

বাংলাদেশ নৌ বাহিনীর বার্ষিক ফুটবল, টেনিস ও স্কোয়াশ প্রতিযোগিতা-২০১৬ আজ বুধবার (২১-১২-২০১৬) কমান্ডার বিএন ফ্লিট এর সার্বিক ব্যবস্থাপনায় চট্টগ্রাম আঞ্চলিক ক্রীড়া কমপ্লেক্সে সমাপ্ত হয়েছে।

সমাপনী দিনে নৌবাহিনী প্রধান এডমিরাল নিজামউদ্দিন আহমেদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে খেলা উপভোগ এবং বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।



কমান্ডার বিএন ফ্লিট এর সার্বিক ব্যবস্থাপনায় আজ বুধবার (২১-১২-২০১৬) চট্টগ্রাম আঞ্চলিক ক্রীড়া কমপ্লেক্সে অনুষ্ঠিত বাংলাদেশ নৌবাহিনীর বার্ষিক ফুটবল প্রতিযোগিতা-২০১৬ এর সমাপনী দিনে নৌবাহিনী প্রধান এডমিরাল নিজামউদ্দিন আহমেদ বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।
ছবিঃ আইএসপিআর

আটদিনব্যাপী অনুষ্ঠিত নৌবাহিনীর বার্ষিক ফুটবল প্রতিযোগিতায় বিভিন্ন জাহাজ ও ঘাঁটির মোট নয়টি দল অংশগ্রহণ করে। চূড়ান্ত প্রতিযোগিতায় বানৌজা ঈসাখান দল ৪-০ গোলের ব্যবধানে চ্যাম্পিয়ন এবং বানৌজা তিতুমীর দল রানার্স আপ হওয়ার গৌরব অর্জন করেছে। বানৌজা ঈসাখান দলের এম আশিক এলাহী, ওডি শ্রেষ্ঠ খেলোয়াড় বিবেচিত হন।

এছাড়া, উক্ত অনুষ্ঠানে নৌবাহিনীর ২০১৪-২০১৫ সালের দ্বিবার্ষিক খেলাধুলায় সর্বোচ্চ পয়েন্ট অর্জনকারী হিসেবে বানৌজা ঈসাখান দলকে 'ক্রীড়া দক্ষতা চ্যাম্পিয়ন শীল্ড' এবং দ্বিতীয় সর্বোচ্চ পয়েন্ট অর্জনকারী হিসেবে বানৌজা তিতুমীর দলকে 'ক্রীড়া দক্ষতা রানার্সআপ শীল্ড' প্রদান করা হয়। অন্যদিকে পাঁচ দিনব্যাপী অনুষ্ঠিত নৌবাহিনীর টেনিস ও স্কোয়াশ প্রতিযোগিতায় মোট পাঁচটি দল অংশগ্রহণ করে। টেনিস এককের ফাইনালে কমান্ডার এস এম মেজবাহ উদ্দিন চ্যাম্পিয়ন ও লেফটেন্যান্ট কমান্ডার কে এস মাহমুদ রানার্স আপ হন। তাছাড়া, টেনিস দ্বৈত প্রতিযোগিতার ফাইনালে কমান্ডার এম এম এইচ খান ও কমান্ডার এ এম রিয়াদ চ্যাম্পিয়ন এবং কমান্ডার কে এ জামান ও লেফটেন্যান্ট কমান্ডার কাজী শাকুর মাহমুদ রানার্স আপ হওয়ার গৌরব অর্জন করে। অন্যদিকে স্কোয়াশ প্রতিযোগিতার ফাইনালে ক্যাপ্টেন এস এম জামিল হোসাইন চ্যাম্পিয়ন এবং কমান্ডার এম এ গনি রানার্স আপ হন।



চট্টগ্রাম আঞ্চলিক ক্রীড়া কমপ্লেক্সে আজ বুধবার (২১-১২-২০১৬) কমান্ডার বিএন ফ্লিট এর সার্বিক ব্যবস্থাপনায় অনুষ্ঠিত বাংলাদেশ নৌবাহিনীর বার্ষিক টেনিস ও স্কোয়াশ প্রতিযোগিতা-২০১৬ এর সমাপনী দিনে নৌবাহিনী প্রধান এডমিরাল নিজামউদ্দিন আহমেদ বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।
ছবিঃ আইএসপিআর

এ সময় কমান্ডার চট্টগ্রাম নৌ অঞ্চল ও স্থানীয় পদস্থ সামরিক কর্মকর্তাগণ এবং বিপুল সংখ্যক নৌসদস্য সেখানে উপস্থিত ছিলেন।